স্বাধীনতার ৫০ বছরের অনুপ্রেরণায়

The Daily Star

# মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড

বুদ্ধি খাটাই, ইতিহাস জানি, ইতিহাস জানাই

সহযোগিতায় efood

## কলেজ ক্যাটাগরির প্রশ্ন ব্যাংক



এই প্রশ্ন ব্যাংকটি শুধুমাত্র "দ্য ডেইলি স্টার মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড"
এর অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে।
দ্য ডেইলি স্টারের অনুমতি ব্যতীত এটির মুদ্রণ বা
ডিজিটাল মাধ্যমে প্রকাশ করা আইনত দণ্ডনীয়।

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের কোন আঞ্চলিক সীমানা ছিল না?**
উত্তর: ১০ নং সেক্টর

**প্রশ্ন: শহীদ জননী জাহানারা ইমাম যুদ্ধের সময় সন্তানের পাশাপাশি তাঁর স্বামীকেও হারান। পেশায় ইঞ্জিনিয়ার তাঁর স্বামী যুদ্ধে  পাকিস্তানি হানাদার বাহিনীর চলাচল ব্যাহত করার উদ্দেশ্যে ব্রিজের ঠিক কোন কোন পয়েন্টে এক্সপ্লসিভ বেঁধে ওড়ালে ব্রিজ ভাঙবে অথচ কম ক্ষতি হবে অর্থাৎ দেশ স্বাধীন হওয়ার পর সহজে মেরামত করা যাবে, সেভাবে মুক্তিযোদ্ধাদের বিস্তারিত তথ্য দিয়ে মুক্তিযুদ্ধে ভূমিকা রাখেন। তাঁর স্বামীর নাম কী?**
উত্তর: শরীফ ইমাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময়  বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী ছিলেন কে?**
উত্তর: মুহাম্মদ মনসুর আলী

**প্রশ্ন: যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসায় অবদান রাখার জন্য  বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধার নাম কী?**
উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: ১৯৭০ সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কয়টি আসনে জয়লাভ করে ?**
উত্তর: ১৬৭

**প্রশ্ন: কত তারিখে মন্ত্রিপরিষদ গঠন করে  অস্থায়ী বাংলাদেশ সরকার প্রতিষ্ঠার ঘোষণা দেওয়া  হয়?**
উত্তর: ১০ এপ্রিল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ  চলাকালীন মুক্তিবাহিনীর চিফ অব স্টাফ পদে  নিযুক্ত করা হয় কাকে?**
উত্তর: মোহাম্মদ আবদুর রব

**প্রশ্ন: বহুল আলোচিত অপারেশন জ্যাকপট এর সতর্ক সঙ্কেত হিসেবে রেডিও তে প্রচারিত "আমি তোমায় যত শুনিয়েছিলাম গান" এর গায়ক/গায়িকা কে ছিলেন?**
উত্তর: পঙ্কজ মল্লিক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ১ নং সেক্টর এর অধীনে ছিল নিচের কোন জেলা ?**
উত্তর: চট্টগ্রাম

**প্রশ্ন: ১৯৭১ খ্রিষ্টাব্দের মে মাসের শেষের দিকে শেখ ফজলুল হক মনি, আবদুর রাজ্জাক, তোফায়েল আহমদ ও সিরাজুল আলম খান - এই চার যুবনেতার উদ্যোগে একটি বিশেষ বাহিনী প্রতিষ্ঠা করা হয়। এই বাহিনীর প্রশিক্ষণ ও পরিচালনার দায়িত্বে ছিলেন জেনারেল সুজন সিং উবান, যিনি ভারতীয় স্পেশাল ফোর্সের কমাণ্ডার ছিলেন। বাহিনী টি কী নামে পরিচিত?**
উত্তর: মুজিব বাহিনী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ  চলাকালীন পাকিস্তান সেনাবাহিনীর সর্বাধিনায়ক ছিলেন কে?**
উত্তর: ইয়াহিয়া খান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ  চলাকালীন ভারতের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে?**
উত্তর: ভি ভি গিরি

**প্রশ্ন: কোন মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর দিক নির্দেশনায় মার্কিন যুক্তরাষ্ট্রীয় সরকার ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানকে সমর্থন করে ?**
উত্তর: হেনরি কিসিঞ্জার

**প্রশ্ন: স্বাধীনতা লাভের পর পাকিস্তান কারাগার থেকে মুক্তি পেয়ে কোন দেশ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরেন ?**
উত্তর: যুক্তরাজ্য

**প্রশ্ন: বাংলাদেশকে ১৯৭৫ সালের ৩১ আগস্ট স্বীকৃতি দেয় কে ?**
উত্তর: চীন

**প্রশ্ন: ১৯৭০ সালের ১২ই নভেম্বর দক্ষিণাঞ্চলে সাইক্লোন আঘাত হানে যাতে প্রায় ৩ লাখ থেকে ৫ লাখ মানুষ প্রাণ হারায়। কিন্তু পাকিস্তানের সামরিক সরকার এমন ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের পরও জরুরি ত্রাণকার্য পরিচালনায় গড়িমসি করে। ঘূর্ণিঝড়ের পরও যারা বেঁচে ছিল তাদের অনেকে মারা যায় খাবার আর পানির অভাবে।ঘূর্ণিঝড়ে বিপর্যস্ত মানুষগুলোর প্রতি পাকিস্তান সরকারের এমন নিষ্ঠুরতা দেখে পূর্ব পাকিস্তানের সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়ে ওঠে। সাইক্লোনটি কী নামে পরিচিত ?**
উত্তর: ভোলা সাইক্লোন

**প্রশ্ন: নিচের কোন মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র/তথ্যচিত্র এর সাথে জহির রায়হান এর সম্পৃক্ততা নেই?**
উত্তর: মুক্তির গান

**প্রশ্ন: এক দশকেরও বেশি সময় ধরে ক্ষমতায় থাকা আইয়ুব খান সরকারের পতনের পিছনে মূল ভূমিকা পালন করে নিচের কোনটি ?**
উত্তর: ঊনসত্তরের গণঅভ্যুত্থান

**প্রশ্ন: ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সরকারকে কয়টি শর্ত প্রদান করেন ? শর্তগুলো পূরণ করা হলে আওয়ামী লীগ অধিবেশনে যোগ দেবে কি দেবে না তা বিবেচনা করবে বলে তিনি জানান**
উত্তর: ৪ টি

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম কোন জেলা পাকিস্তানী হানাদারমুক্ত হয়ে স্বাধীন হয়?**
উত্তর: যশোর

**প্রশ্ন: সর্ব কনিষ্ঠ খেতাবধারী মুক্তিযোদ্ধার নাম কী**
উত্তর: শহীদুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের উত্তাল দিনগুলোতে তিনি ছিলেন বাঙালি মুক্তিযোদ্ধাদের আশার আলো। রেডিওতে কান পেতে সকাল-সন্ধ্যা বিবিসিতে তাঁর কণ্ঠ শোনার জন্য অপেক্ষায় থাকত পুরো দেশ। বাংলাদেশের পক্ষে বিশ্বজনমত গঠনে তাঁর ভূমিকা ছিল অনন্য। তিনি কে ?**
উত্তর: মার্ক টালি

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে 'বীরপ্রতীক' খেতাব লাভকারী একমাত্র বিদেশী নাগরিক উইলিয়াম এ এস ওডারল্যান্ড কোন দেশের ছিলেন?**
উত্তর: নেদারল্যান্ডস

**প্রশ্ন: আমি একজন প্রখ্যাত বাংলাদেশী চিকিৎসক, এবং মুক্তিযোদ্ধার নাম জানতে চাচ্ছি যিনি ইংল্যান্ডে ডাক্তারি পড়াকালীন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ শুরু হলে চূড়ান্ত পর্ব শেষ না-করে ভারতে ফিরে এসে মুক্তিযুদ্ধে অংশ নিতে মেলাঘরে প্রশিক্ষণ কেন্দ্র থেকে গেরিলা প্রশিক্ষণ নেন এবং সেখানেই ৪৮০ শয্যাবিশিষ্ট "বাংলাদেশ ফিল্ড হাসপাতাল" প্রতিষ্ঠা ও পরিচালনা করেন। তিনি সেই স্বল্প সময়ের মধ্যে অনেক নারীকে প্রাথমিক স্বাস্থ্য জ্ঞান দান করেন যা দিয়ে তারা রোগীদের সেবা করতেন এবং তার এই অভূতপূর্ব সেবাপদ্ধতি পরে বিশ্ববিখ্যাত জার্নাল পেপার "ল্যানসেট"-এ প্রকাশিত হয়। বর্তমানে তিনি তিনি গণস্বাস্থ্য কেন্দ্র নামক স্বাস্থ্য বিষয়ক এনজিওর প্রতিষ্ঠাতা। কে তিনি?**
উত্তর: জাফরুল্লাহ চৌধুরী

**প্রশ্ন: ১৯৭১ সালে ভারত সরকার সোভিয়েত ইউনিয়নের সঙ্গে মৈত্রীচুক্তি স্বাক্ষর করে কবে?**
উত্তর: ৯ আগস্ট

**প্রশ্ন: একমাত্র বীর বিক্রম খেতাবধারী আদিবাসী/উপজাতী মুক্তিযোদ্ধা কে ছিলেন?**
উত্তর: ইউ. কে. চিং মারমা

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম মৃত্যুবরণ কে করেন? (১৮ এপ্রিল, ১৯৭১)**
উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংগঠিত হয়?**
উত্তর: গাজীপুর

**প্রশ্ন: প্রথম কবে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয় ?**
উত্তর: ০২ ই মার্চ, ১৯৭১

**প্রশ্ন: ১৯৭১ সালের ২৮ সেপ্টেম্বর বাংলাদেশ বিমান বাহিনী জন্মলাভ করে। সম্বল ছিল দুটি বেসামরিক বিমান এবং একটি হেলিকপ্টার। হেলিকপ্টারটি কোন মডেল এর ছিল ?**
উত্তর: অ্যালুয়েট

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" অনুষ্ঠানের জন্য জর্জ হ্যারিসনকে মূলত উদ্বুদ্ধ করেছিলেন কে?**
উত্তর: পণ্ডিত রবিশঙ্কর

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" ও অন্যান্য অনুষঙ্গ হতে প্রাপ্ত অর্থ সাহায্যের পরিমাণ ছিলো প্রায় ২,৪৩,৪১৮.৫১ মার্কিন ডলার। কোন সংস্থার মাধ্যমে এই বিপুল পরিমান অর্থ শরণার্থীদের সাহায্যার্থে ব্যয়ীত হয় ?**
উত্তর: ইউনিসেফ

**প্রশ্ন: জর্জ হ্যারিসন আয়োজিত "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ গান পরিবেশন করে নিচের কোন ব্যান্ড ?**
উত্তর: ব্যাড ফিঙ্গার

**প্রশ্ন: ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে কে নৌ বাহিনীর সদস্য ছিলেন?**
উত্তর: মোহাম্মদ রুহুল আমিন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় দুটি সমুদ্রগামী রণতরী নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ নৌবাহিনি। একটি রণতরীর নাম দেয়া হয় পলাশ। অপরটির নাম কি ছিল?**
উত্তর: পদ্মা

**প্রশ্ন: সাত জন বীর শ্রেষ্ঠ পদকপ্রাপ্ত শহীদ মুক্তিযোদ্ধাদের মধ্যে সর্বজ্যেষ্ঠ (৩৬ বছর বয়স) কে ছিলেন?**
উত্তর: মোহাম্মদ রুহুল আমিন

**প্রশ্ন: আহত সহযোদ্ধার (নান্নু মিয়া) নিরাপদ দূরত্বে সরে যাওয়া নিশ্চিত করতে একটিমাত্র রাইফেল দিয়ে শত্রুসৈন্যের অগ্রসরতা ঠেকিয়ে রেখে অবশেষে শত্রুর বেয়নেট এর আঘাতে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা ?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: নিচের কোন শহীদ বুদ্ধিজীবী পেশায় সাংবাদিক ছিলেন?**
উত্তর: সেলিনা পারভীন

**প্রশ্ন: ১৯৭১ সাালে শহীদ হওয়া কোন বুদ্ধিজীবী বাংলা টাইপরাইটারের জন্য উন্নতমানের কী-বোর্ড উদ্ভাবন করেন ?**
উত্তর: মুনীর চৌধুরী

**প্রশ্ন: "আমি বীরাঙ্গনা বলছি" মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথামূলক একটি বই যেখানে  মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানী সেনাবাহিনীর হাতে ধর্ষিত হওয়া সাত জন নারীর করুন কাহিনী বর্ণিত হয়েছে। বইটির রচয়িতা কে?**
উত্তর: নীলিমা ইব্রাহিম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় রাঙামাটি কোন সেক্টরের অধীনে ছিল**
উত্তর: ১ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় সিলেট মোট কতটি সেক্টরের অধীনে ছিল ?**
উত্তর: ৩ টি

**প্রশ্ন: কোন সেক্টর কমান্ডার মিত্রবাহিনীর সঙ্গে উচ্চপর্যায়ের বৈঠক শেষে ভারতের শিলিগুড়ি ক্যান্টনমেন্ট থেকে ফেরার পথে দুর্ঘটনায় প্রাণ হারান ?**
উত্তর: মেজর নাজমুল হক

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি**
উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন: বীরবিক্রম উপাধিতে ভূষিত হন মোট কতজন ?**
উত্তর: ১৭৫ জন

**প্রশ্ন: যুদ্ধে পাকিস্তানের অবশ্যম্ভাবী পরাজয় আঁচ করতে পেরে যুক্তরাষ্ট্রের পাঠানো সপ্তম নৌবহরের প্রধান জাহাজ ছিল কোন বিমানবাহী রণতরী ?**
উত্তর: ইউএসএস এন্টারপ্রাইজ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বগুড়া, রাজশাহী এবং পাবনা জেলা কোন সেক্টরের অধীনে ছিল ?**
উত্তর: ৭ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময়ে রচিত সেপ্টেম্বর অন যশোর রোড কবিতাটি কার লেখা?**
উত্তর: অ্যালেন গিন্সবার্গ

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় স্বাধীন বাংলা বেতারে সম্প্রচারিত তার লেখা  মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি, এক সাগর রক্তের বিনিময়ে, পূর্ব দিগন্তে সূর্য উঠেছে প্রভৃতি গানসমূহ মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করতো। তিনি কে ছিলেন ?**
উত্তর: গোবিন্দ হালদার

**প্রশ্ন: 'বঙ্গবন্ধু নৌবহর' উদ্বোধন করা হয় কবে?**
উত্তর:  ১৯৭১ সালের ৯ নভেম্বর

**প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সোভিয়েত ইউনিয়ন কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক ছিলেন কে?**
উত্তর: লিওনিদ ব্রেজনেভ

**প্রশ্ন: মুজিবনগর সরকারের কোন মন্ত্রী তাঁর প্রথম জীবনে পাকিস্তান আর্মির যশোর সেনানিবাসে প্রশিক্ষণ নেন এবং ক্যাপ্টেন পদে অধিষ্ঠিত হন ?**
উত্তর: মুহাম্মদ মনসুর আলী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে ভারতীয় গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (র) সীমান্তবর্তী এলাকাগুলোতে প্রশিক্ষণ ক্যাম্প প্রতিষ্ঠা করে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও বিভিন্ন সামরিক অভিযানে গুরুত্বপূর্ণ গোপন তথ্য সহায়তা দিয়ে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। এসকল কার্যক্রমে "র" এর প্রধান হিসেবে নেতৃত্ব দেন কে ?**
উত্তর: রামেশ্বর নাথ কাও

**প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধু শেখ মুজিবের পক্ষে আইনি লড়াই চালাতে ঢাকায় আসা আইনজীবী টমাস উইলিয়ামস কোন দেশের অধিবাসী ছিলেন ?**
উত্তর: যুক্তরাজ্য

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় জর্জ হ্যারিসন এর "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" বাদেও যুদ্ধপীড়িত বাংলাদেশীদের সাহায্যার্থে আরও কনসার্ট আয়োজিত হয়। এমনই এক কনসার্ট হয় ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে লন্ডনে। কনসার্টে গান পরিবেশন করে বিখ্যাত রক ব্যান্ড দ্য হু। এছাড়াও এই কনসার্টে আর কোন জনপ্রিয় সংগীতশিল্পী গান পরিবেশন করেন ?**
উত্তর: রড স্টুয়ার্ট

**প্রশ্ন: ইলিনয় ইনস্টিটিউট অফ টেকনোলজিতে সুযোগ পেলেও যুদ্ধ শুরু হয়ে যাবার পর আদর্শগত কারণে দেশকে যুদ্ধের মধ্যে রেখে বিদেশে নিরাপদ আশ্রয়ে নিজের ক্যারিয়ারের জন্য পড়তে যাননি কোন শহীদ মুক্তিযোদ্ধা ?**
উত্তর: শাফী ইমাম রুমী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের স্মৃতিকথামূলক দিনলিপি "একাত্তরের ডাইরি" কার লেখা?**
উত্তর: সুফিয়া কামাল

**প্রশ্ন: প্রখ্যাত বাংলাদেশী চিকিৎসক। উপমহাদেশের অসংখ্য মানুষ তার কাছে দুরারোগ্য রোগের চিকিৎসার জন্য আসতেন। মেডিসিনের উপর তার গবেষণা পত্র ব্রিটিশ মেডিকেল জার্নাল ও ল্যান্সেট এ প্রকাশিত হয়। ১৯৭১ সালে তিনি শহীদ হন । তার নামে ঢাকা মেডিকেল কলেজের একটি হলের নামকরণ করা হয়। কার কথা বলা হচ্ছে ?**
উত্তর: ডা. মোহাম্মদ ফজলে রাব্বি

**প্রশ্ন: তিনি ছিলেন একজন মুক্তিযোদ্ধা এবং ভাস্কর । তিনিই প্রথম নিজেকে প্রকাশ্যে 'বীরাঙ্গনা' হিসেবে পরিচয় করিয়ে দেন। বলেছিলেন, "বীরাঙ্গনা লজ্জার নয়, গর্বের।" কার কথা বলা হচ্ছে ?**
উত্তর: ফেরদৌসী প্রিয়ভাষিণী

**প্রশ্ন: ক্র্যাক প্লাটুনের গেরিলাদের প্রথম সফল আক্রমণ এর ব্যাপারে বিবিসির খবর থেকে জানতে পেরে এই সেক্টর কমান্ডার বলেন, 'দিজ অল আর ক্র্যাক পিপল! বললাম, ঢাকার বাইরে বিস্ফোরণ ঘটাতে আর ওরা হোটেল ইন্টারকন্টিনেন্টালেই বিস্ফোরণ ঘটিয়ে এসেছে।' তিনিই প্রথম এই দলটিকে "ক্র্যাক" আখ্যা দেন; যা থেকে পরবর্তীতে এই প্লাটুনটি "ক্র্যাক প্লাটুন" নামে পরিচিত হয়। কে তিনি ?**
উত্তর: খালেদ মোশাররফ

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত হওয়া কিংবদন্তিতুল্য ক্র্যাক প্লাটুন এর সদস্য এই গেরিলা মুক্তিযোদ্ধা ক্রিকেটার হিসেবেও পরিচিত ছিলেন। স্বাধীনতা যুদ্ধে তার সাহসিকতার জন্য বাংলাদেশ সরকার তাকে বীর বিক্রম খেতাব প্রদান করে। কে তিনি ?**
উত্তর: শহীদ জুয়েল

**প্রশ্ন: যুদ্ধ শুরু হলে, তিনি পায়ে হেঁটে ভারতে গিয়ে প্রশিক্ষন নেন এবং পরবর্তীতে সম্মুখ যুদ্ধে অংশ নেন। ক্র্যাক প্লাটুনের অন্যতম সদস্য হিসেবে তিনি গেরিলা যুদ্ধেও অংশ নেন এর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল তাঁর নেতৃত্বে সংঘটিত "অপারেশন তিতাস"। কোন পপ তারকার কথা বলা হচ্ছে ?**
উত্তর: আজম খান

**প্রশ্ন: যুদ্ধের সময় ক্র্যাক প্লাটুন এর সদস্য এই গেরিলা মুক্তিযোদ্ধা ঢাকার ইস্কাটনের একটি বাড়িতে কয়েকজন পাকিস্তানী সেনা ও অফিসারের হাতে ধরা পড়ার পর তাদের অস্ত্র ছিনিয়ে সকলকে হত্যা করে পালিয়ে যান। পূর্ব পাকিস্তান দলের বাস্কেটবল খেলোয়াড় হিসেবেও তিনি ছিলেন সমাদৃত। কে এই বীর মুক্তিযোদ্ধা ?**
উত্তর: কাজী কামাল উদ্দিন

**প্রশ্ন: বঙ্গবন্ধু নৌবহরে অন্তর্ভুক্ত ছিল কয়টি নৌযান?**
উত্তর: ৬টি

**প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক শহীদ বুদ্ধিজীবী আনোয়ার পাশা ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর ঢাকার মিরপুরের বধ্যভূমিতে পাকিস্তান সেনাবাহিনীর সহযোগী আল বদর বাহিনীর সদস্যদের হাতে নিহত হন। কোন রচনার জন্য তিনি মরণোত্তর স্বাধীনতা পদকে ভূষিত হন**
উত্তর: রাইফেল রোটি আওরাত

**প্রশ্ন: ভারত উপমহাদেশের বিখ্যাত আয়ুর্বেদ ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান সাধনা ঔষধালয়ের প্রতিষ্ঠাতা যুদ্ধের সময় পাকবাহিনীর হাতে প্রাণ হারানো শহীদ বুদ্ধিজীবীদের মধ্যে একজন। কে তিনি ?**
উত্তর: যোগেশচন্দ্র ঘোষ

**প্রশ্ন: বগুড়ার কাছাকাছি সংঘটিত এই যুদ্ধটি ছিল খুবই আলোচিত যুদ্ধ। পাক-ভারত যুদ্ধ আনুষ্ঠানিকভাবে শুরু হবার আগেই বাংলাদেশ-ভারত যৌথ বাহিনী এই যুদ্ধে অংশ নেয় এবং পাকিস্তানের লিখিত আত্মসমর্পণ পর্যন্ত এই যুদ্ধ চলতে থাকে। যুদ্ধটির নাম কী ?**
উত্তর: হিলির যুদ্ধ

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর মুক্তিযুদ্ধের সময় কত নং সেক্টরের সাব সেক্টর কমান্ডার হিসেবে যুদ্ধ করেন ?**
উত্তর: ৭ নং সেক্টর

**প্রশ্ন: ধলাইয়ের যুদ্ধে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ ?**
উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত অর্জন এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে গঠিত স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক কে ছিলেন ?**
উত্তর: জাকারিয়া পিন্টু

**প্রশ্ন: ১৯৭১ সালের ১ জুন জেনারেল টিক্কা খান পূর্ব পাকিস্তান রাজাকার অর্ডিন্যান্স-১৯৭১ জারি করে কোন বাহিনীকে রাজাকার বাহিনীতে রূপান্তরিত করেন ?**
উত্তর: আনসার বাহিনী

**প্রশ্ন: মে মাসে রাজাকার বাহিনী গঠনের আগেই এপ্রিল মাসে গঠিত হয় যুদ্ধের সময় পাকিস্তান সেনাবাহিনীকে সহায়তা দানকারী কোন কুখ্যাত আধা-সামরিক বাহিনী ?**
উত্তর: আল বদর

**প্রশ্ন: বাংলাদেশের ইতিহাসে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন কে ?**
উত্তর: আ.স.ম. আব্দুর রব

**প্রশ্ন: কবে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?**
উত্তর: ০৩ মার্চ, ১৯৭১

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন কারা?**
উত্তর: ইস্ট বেঙ্গল রেজিমেন্ট

**প্রশ্ন: 'আমি পূর্ব পাকিস্তানের মাটি চাই, মানুষ চাই না।' - উক্তিটি কার ছিল ?**
উত্তর: জেনারেল টিক্কা খান

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপিত হয় কত তারিখে ?**
উত্তর: ২৬ মার্চ, ১৯৭১

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় একই সেক্টর এর হয়ে যুদ্ধ করে শহীদ হন বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল ও বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ ? সেক্টর টি কত ?**
উত্তর: ৮ নং সেক্টর

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ কত নং সেক্টরের হয়ে যুদ্ধ করে শহীদ হন ?**
উত্তর: ১ নং সেক্টর

**প্রশ্ন: কোন বাংলাদেশী কূটনীতিক বিদেশের মাটিতে প্রথমবারের মতো বাংলাদেশের পতাকা উড়িয়ে বাংলাদেশ মিশনের যাত্রা শুরু করেন?**
উত্তর: এম. হোসেন আলী

**প্রশ্ন: নিচের কে মুজিবনগর সরকারকে 'গার্ড অব অনার' প্রদান করেন ?**
উত্তর: মাহবুব উদ্দিন আহমেদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ বিমান বাহিনী কোথায় গঠিত হয়:**
উত্তর: নাগাল্যান্ডের দিমাপুরে

**প্রশ্ন: কে ভারত থেকে আত্মসমর্পন দলিল নিয়ে আসেন?**
উত্তর: জেনারেল জ্যাকব

**প্রশ্ন: ২৬শে মার্চ স্বাধীনতা দিবসকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা দেয়া হয় কত সালে ?**
উত্তর: ১৯৮০

**প্রশ্ন: নিচের কে কিংবদন্তিতুল্য গেরিলা দল ক্র্যাক প্লাটুন এর সদস্য ছিলেন না ?**
উত্তর: সিরাজ সিকদার

**প্রশ্ন: চিরকুমার এ অধ্যাপক ১৯৫৩ সালে যোগ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে, দর্শন বিভাগের চেয়ারম্যান হন ’৬৩ সালে। ১৯৭১ সালের ২৬শে মার্চ ভোরে তাঁর নিজের বাসায় দত্তক কন্যার (রোকেয়া সুলতানা) সামনেই এ আত্মভোলা শিক্ষক ও দত্তক কন্যার স্বামীকে (মোহাম্মদ আলী) ব্রাশফায়ার করে হত্যা করা হয়। মৃত্যুর আগে তাঁর শেষ কথা ছিল – ‘গুড সেন্স, গুড সেন্স’। কে তিনি ?**
উত্তর: গোবিন্দ চন্দ্র দেব

**প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধের প্রথম শহীদ নারী বুদ্ধিজীবী তিনি। ১৯৭১ সালের ২৩শে মার্চ দুই ভাইকে নিয়ে ‘জয় বাংলা’ স্লোগান দিয়ে মিরপুরে নিজ বাড়িতে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। ২৭শে মার্চ কাদের মোল্লার নেতৃত্বে আলবদর বাহিনী তাঁর বাসায় আক্রমণ করে দুই ভাইকে জবাই করে হত্যা করে। এরপর তাঁর মাথা ধড় থেকে আলাদা করে হত্যা করা হয়। শেষে তাঁর মাকেও হত্যা করা হয়। কার কথা বলা হচ্ছে ?**
উত্তর: মেহেরুন্নেসা

**প্রশ্ন: শ্যামলী নাসরিন চৌধুরী একজন বাংলাদেশী শিক্ষাবিদ। শিক্ষাক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার তাকে ২০০১ সালে একুশে পদকে ভূষিত করে। তাঁর স্বামী ছিলেন কোন শহীদ বুদ্ধিজীবী?**
উত্তর: ড. আলীম চৌধুরী

**প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে পড়াশোনা শেষ করে এ প্রতিষ্ঠানেই যোগ দেন ১৯৫০ সালে। লন্ডন কিংস কলেজ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করা এ শিক্ষক মানবতাবাদী হিসেবে খ্যাত ছিলেন। জগন্নাথ হলের আবাসিক শিক্ষক হিসেবে পাওয়া বাসাতেই ১৯৭১ সালের ২৫শে মার্চ গুলি করা হয় তাঁকে। ৩০শে মার্চ ঢাকা মেডিকেল কলেজে মৃত্যুবরণ করেন তিনি।**
উত্তর: জ্যোতির্ময় গুহঠাকুরতা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের নাম কী? এটি ছিল মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত, স্বাধীনতাত্তোর প্রথম চলচ্চিত্র।**
উত্তর: ওরা ১১ জন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ নিয়ে লেখা প্রথম উপন্যাস কোনটি? এটি ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনীর নৃশংস হত্যাযজ্ঞ শুরুর পরের তিন মাসের গল্প নিয়ে লেখা।**
উত্তর: রাইফেল রোটি আওরাত

**প্রশ্ন: অর্থনীতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও করাচি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা এই গেরিলা ছিলেন ক্র্যাক প্লাটুনের সবচেয়ে বিখ্যাত সদস্যদের একজন। মাত্র ৯২ সেকেন্ডে সম্পন্ন করা অপারেশন ফার্মগেট চেকপয়েন্টের জন্য বিখ্যাত এই সূর্যসন্তান ঘনিষ্ঠ বন্ধুর বিশ্বাসঘাতকতায় ২৯ আগস্ট পাকিস্তান আর্মির কাছে ধরা পড়েন। হুমায়ূন আহমেদের বিখ্যাত চলচ্চিত্র ‘আগুনের পরশমণি’ তাঁকে ভিত্তি করেই নির্মিত। তাঁকে মরণোত্তর বীরবিক্রম পদকে ভূষিত করা হয়।**
উত্তর: বদিউল আলম বদি

**প্রশ্ন: তিনি ছিলেন পাক সেনাবাহিনীর কমান্ডো। স্পেশাল সার্ভিস গ্রুপ ট্রেনিংয়ে ৩৬০ সদস্যের মধ্যে থাকা দুজন বাঙালির অন্যতম তিনি। মুক্তিযুদ্ধে যোগ দিয়ে দায়িত্ব নেন ২ নম্বর সেক্টরের গেরিলাদের প্রশিক্ষণের। তাঁর হাত দিয়েই গড়ে উঠে ঢাকার দুর্ধর্ষ গেরিলাদের এই ক্র্যাক প্লাটুন। উপস্থিত ছিলেন পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানেও। বীর উত্তমের খেতাব পাওয়া এই ব্যক্তি কে?**
উত্তর: এটিএম হায়দার

**প্রশ্ন: ১৩-১৪ বছর বয়সে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন তারামন বিবি। বীর প্রতীক খেতাবে ভূষিত এ নারী কোন সেক্টরে যুদ্ধ করেন?**
উত্তর: ১১ নং সেক্টর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন কে?**
উত্তর: উ থান্ট

**প্রশ্ন: বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি দানকারী প্রতিষ্ঠান কোনটি ?**
উত্তর: ইউনেস্কো

**প্রশ্ন: ২৫শে মার্চ গণহত্যার পরপর তৎকালীন সামরিক বাহিনীর মধ্যে সর্বপ্রথম বিদ্রোহ ঘোষণা করে ৮ ইস্ট বেঙল রেজিমেন্ট, তার পরপরই ২৭ শে মার্চ ৪ ইস্ট বেঙল রেজিমেন্ট বিদ্রোহ ঘোষণা করে। ৮ ইস্ট বেঙল রেজিমেন্টের অধিনায়ক কে ছিলেন?**
উত্তর: মেজর খালেদ মোশাররফ

**প্রশ্ন: কে ফোর্সের ব্রিগেড কমান্ডার কে ছিলেন?**
উত্তর: মেজর খালেদ মোশাররফ

**প্রশ্ন: সর্বাধিক সংখ্যক সাবসেক্টর কোন সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ৭

**প্রশ্ন: পাকিস্তানি বাহিনীর পক্ষে বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী কে ছিলেন?**
উত্তর: রাও ফরমান আলী

**প্রশ্ন: ক্র্যাক প্লাটুনের প্রথম সফল অপারেশনের নাম কী?**
উত্তর: অপারেশন হোটেল ইন্টার কন্টিনেন্টাল

**প্রশ্ন: প্রখ্যাত অভিনেতা ও মুক্তিযোদ্ধা রাইসুল ইসলাম আসাদ কোন বিখ্যাত গেরিলা দলের সদস্য ছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: ১৬ই নভেম্বর সংগঠিত হয় আজমিরিগঞ্জ যুদ্ধ, মুক্তিবাহিনী ও পাকিস্তান সেনাবাহিনীর মধ্যে ১৮ ঘণ্টাব্যাপী যুদ্ধ। এতে শহীদ হন জগতজ্যোতি দাস শ্যামা। উনার গেরিলা দলের নাম কি ছিলো?**
উত্তর: দাশপার্টি

**প্রশ্ন: বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কত তারিখ?**
উত্তর: ১০ জানুয়ারি

**প্রশ্ন: বহিঃর্বিশ্বে তৎকালীন প্রবাসী বাংলাদেশ সরকারের বিশেষ দূত হিসেবে কে নিয়োজিত ছিলেন?**
উত্তর: বিচারপতি আবু সাঈদ চৌধুরী

**প্রশ্ন: প্রবাসী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?**
উত্তর: ক্যাপ্টেন মনসুর আলী

**প্রশ্ন: ৭০ এর সাধারণ নির্বাচনে বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কয়টি আসনে জয়লাভ করে?**
উত্তর: ১৬৭

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হতে সম্প্রচারিত এই অনুষ্ঠানটিতে ইয়াহিয়া খানকে “কেল্লা ফতে খান” হিসেবে ব্যঙ্গাত্মকভাবে ফুটিয়ে তোলা হত। অনুষ্ঠানটির পরিচালক ছিলেন কল্যাণ মিত্র। অনুষ্ঠানটির নাম কি?**
উত্তর: জল্লাদের দরবার

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন রাজাকার বাহিনীর প্রায় কত সংখ্যক সদস্য ছিলো?**
উত্তর: ৫০০০০

**প্রশ্ন: এস ফোর্সের ব্রিগেড কমান্ডার কে ছিলেন?**
উত্তর: কাজী মুহাম্মদ সফিউল্লাহ

**প্রশ্ন: "মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি" গানটির গীতিকার কে?**
উত্তর: গোবিন্দ হালদার

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের লাশ পাকিস্তান থেকে বাংলাদেশে ফিরিয়ে আনা হয় কত সালে?**
উত্তর: ২০০৬

**প্রশ্ন: পাকিস্তিান সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা তুলে নিতে বাধ্য হয় কত সালে?**
উত্তর: ১৯৬৯

**প্রশ্ন: বিখ্যাত সংগীতশিল্পী আজম খান কয় নং সেক্টরে যুদ্ধ করেছিলেন?**
উত্তর: ২

**প্রশ্ন: মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সদস্য এবং তৎকালীন বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির সভাপতি ছিলেন-**
উত্তর: শ্রী মনি সিং

**প্রশ্ন: মেজর আবদুল জলিল কয় নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন?**
উত্তর: ৯

**প্রশ্ন: বি এল এফ অন্য কি নামে পরিচিত ছিলো? উল্লেখ্য এটি একটি গণ বাহিনী ছিলো।**
উত্তর: মুজিব বাহিনী

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মাঝে একমাত্র ফ্লাইট লেফটেন্যান্ট কে ছিলেন?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: বঙ্গবীর কাদের সিদ্দিকি কোন অঞ্চলে যুদ্ধে নেতৃত্ব দিয়েছিলেন?**
উত্তর: টাংগাইল

**প্রশ্ন: সিলেট জেলার তামাবিল কোন সেক্টরের অন্তর্গত?**
উত্তর: ৫

**প্রশ্ন: এস ফোর্স গঠিত হয় কোন মাসে?**
উত্তর: সেপ্টেম্বর

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোন সেক্টরে যুদ্ধ করেন?**
উত্তর: ১০

**প্রশ্ন: পাকিস্তান গণপরিষদের নির্ধারিত অধিবেশন স্থগিতের প্রতিবাদে বঙ্গবন্ধু ১৯৭১ সালের কত তারিখ দেশব্যাপী অসহযোগের আহবান জানান?**
উত্তর: ২ মার্চ

**প্রশ্ন: ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে মার্কিন যুক্তরাষ্ট্রের দূতাবাসের কনসাল জেনারেল নিযুক্ত ছিলেন-**
উত্তর: আর্চার কেন্ট ব্লাড

**প্রশ্ন: সুন্দরবন কত নং সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ৯

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ কত নং সেক্টরে যুদ্ধ করেছিলেন?**
উত্তর: ১

**প্রশ্ন: স্বাধীন বাংলাদেশের সর্বপ্রথম সংবিধান ১৯৭২ এর কয় তারিখ কার্যকর করা হয়?**
উত্তর: ১৬ ডিসেম্বর

**প্রশ্ন:  জেনারেল রাও ফরমান আলির সাথে আরেকজন পাকিস্তানি অফিসার অপারেশন সার্চলাইটের মূল পরিকল্পনা তৈরি করেন। তার নাম কি?**
উত্তর: মেজর জেনারেল খাদিম হুসাইন রাজা

**প্রশ্ন:  ৯০০০ টন অস্ত্র ও গোলাবারুদ চট্টগ্রামে অপারেশন সার্চলাইট চালানোর উদ্দেশ্যে পাকিস্তান থেকে একটি জাহাজ আসে। জাহাজটির নাম-**
উত্তর: এমভি সোয়াত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের স্বতন্ত্র বাহিনীগুলোর মধ্যে আফসার বাহিনী ও আফতাব বাহিনী কোন এলাকায় যুদ্ধ পরিচালনা করেছিলো?**
উত্তর: ময়মনসিংহ

**প্রশ্ন: ৩০ মার্চের ট্রান্সমিটারের সমস্যা হওয়ার কারণে কালুরঘাট বেতারকেন্দ্র আবার ভারতের কোথা থেকে ৩ এপ্রিল হতে সম্প্রচার করা শুরু করে?**
উত্তর:  ত্রিপুরা

**প্রশ্ন: পাবনায় কোন মুক্তিযুদ্ধের সংগঠক এর ডাক নাম বগা মিয়া?**
উত্তর: আব্দুর রব

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়?**
উত্তর: ১৯৯৬

**প্রশ্ন: ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার ২নং আসামির নাম কি?**
উত্তর: মোয়াজ্জেম হোসেন

**প্রশ্ন: কোন গণ আন্দোলনের মুখে আইয়ুব খানের সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহারে বাধ্য হয়?**
উত্তর: উনসত্তরের গণঅভ্যুত্থান

**প্রশ্ন: পাকিস্তানের শাসক জেনারেল আইয়ুব খানের পতন ঘটে কত সালে?**
উত্তর: ১৯৬৯

**প্রশ্ন: কোন আলবদর নেতা "মিরপুরের কসাই" নামে পরিচিত ছিলো?**
উত্তর: আব্দুল কাদের মোল্লা

**প্রশ্ন: ১৯৭১ সালের ১৫ই ডিসেম্বর একজন প্রখ্যাত গণিতবিদকে আল-বদর বাহিনী হত্যা করে যিনি পরবর্তীতে মরণোত্তর একুশে পদক লাভ করেন। তার নাম-**
উত্তর: আবুল কালাম আজাদ

**প্রশ্ন: আখাউড়া কত নং সেক্টরের আন্তর্গত?**
উত্তর: ২

**প্রশ্ন: বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (Communist Party of Bangladesh), ন্যাশনাল আওয়ামী পার্টি (National Awami Party), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন (Bangladesh Students Union) দ্বারা সংগঠিত গেরিলা বাহিনীর নাম কি ছিলো?**
উত্তর: Special Guerrila Forces

**প্রশ্ন:  স্বতন্ত্র বাহিনীসমূহের মধ্যে কুদ্দুস মোল্লা ও গফুর বাহিনী কোন অঞ্চলে মুক্তিযুদ্ধ পরিচালনা করত?**
উত্তর: বরিশাল

**প্রশ্ন: বুড়ি মাড়িতে কয় নং সেক্টরের সদরদপ্তর অবস্থিত ছিলো?**
উত্তর: ৬

**প্রশ্ন: "আমি বীরাঙ্গনা বলছি" বইটির লেখক কে?**
উত্তর: নীলিমা ইব্রাহীম

**প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ: দলিলপত্র গ্রন্থটি কয় খণ্ডে প্রকাশিত?**
উত্তর: ১৫

**প্রশ্ন: "ডেটলাইন বাংলাদেশ: নাইন্টিন সেভেন্টি ওয়ান" গ্রন্থটির রচয়িতা কে?**
উত্তর: সিডনি শনবার্গ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের দিনপঞ্জিমূলক "দুর্দিনের দিনলিপি" বইটির রচয়িতা হলেন-**
উত্তর: আবুল ফজল

**প্রশ্ন: ৬৯' এর গন অভ্যুত্থান নিয়ে রচিত উপন্যাস "ওঙ্কার" এর রচয়িতা-**
উত্তর: আহমদ ছফা

**প্রশ্ন: ১৯৭১ এর এপ্রিল মাসে কোথায় আলবদর বাহিনী গঠিত হয়?**
উত্তর: জামালপুর

**প্রশ্ন: ভারতের সীমান্তবর্তী এলাকায় কতটি শরণার্থী শিবির স্থাপিত করা হয়েছিল?**
উত্তর: ১৪১

**প্রশ্ন: মুক্তিযোদ্ধা শাফী ইমাম রুমী কার সন্তান ছিলেন?**
উত্তর: জাহানারা ইমাম

**প্রশ্ন: চলচ্চিত্র পরিচালক নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু কোন গেরিলা দলের সাথে যুদ্ধ করেছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: বাস্কেটবলের খেলোয়াড় এবং পরবর্তীতে বাংলাদেশ জাতীয় দলের কোচ কাজী কামাল উদ্দিন কোন গেরিলা দলের সদস্য ছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: নীলফামারীর সৈয়দপুরে বসবাসকারী হিন্দু ধর্মাবলম্বী মাড়োয়ারিরা একটি হত্যাযজ্ঞের অসহায় বলি। এই গণহত্যা কি নামে পরিচিত?**
উত্তর: অপারেশন খরচাখাতা

**প্রশ্ন: জল্লাদখানা বধ্যভূমি বা পাম্পহাউজ বধ্যভূমি কোথায় অবস্থিত?**
উত্তর: মিরপুর-১০

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "ধীরে বহে মেঘনা"র পরিচালক কে?**
উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় গঠিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সংবাদ বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন কে?**
উত্তর: কামাল লোহানী

**প্রশ্ন: বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কতজন?**
উত্তর: ৪২৬

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ-**
উত্তর: সেনেগাল

**প্রশ্ন: অপারেশন ফার্মগেট চেক পয়েন্টে কত জন সদস্য ছিলেন?**
উত্তর: ৭

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র "এখনও অনেক রাত" এর নির্মাতা কে?**
উত্তর: খান আতাউর রহমান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র "আমরা তোমাদের ভুলব না" এর নির্মাতা কে?**
উত্তর: হারুনুর রশীদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "নেকড়ে অরণ্য" এর লেখক কে?**
উত্তর: শওকত ওসমান

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি?**
উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন: ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ও ১১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর সমন্বয়ে কোন ব্রিগেড ফোর্স গঠিত হয়?**
উত্তর: এস ফোর্স

**প্রশ্ন: রাজাকার বাহিনী গঠিত হয় কোন মাসে?**
উত্তর: মে

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মতিনগরে স্থাপিত "বাংলাদেশ হাসপাতাল" এর কমান্ডিং অফিসার কে ছিলেন?**
উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: মীরসরাই কত নং সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ১

**প্রশ্ন: বীর মক্তিযোদ্ধা সিতারা বেগম কোন খেতাবে ভূষিত হয়েছিলেন?**
উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন: ১৬ ই ডিসেম্বর পাকবাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানে তিনি উপস্থিত ছিলেন এবং ঐদিন তিনি প্রথম ঢাকা বেতারে ও টিভি থেকে বিজয়ের ঘোষণাপাঠ করেন। তিনি কে?**
উত্তর: এ টি এম হায়দার

**প্রশ্ন: কত জন নাবিক নিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ নৌ বাহিনী?**
উত্তর: ৪৯

**প্রশ্ন: শান্তি কমিটি গঠিত হয় কোন মাসে?**
উত্তর: এপ্রিল

**প্রশ্ন: "১৯৭১ : ভেতরে বাইরে" বইটির লেখক কে?**
উত্তর: এ কে খন্দকার

**প্রশ্ন: বীর শ্রেষ্ঠ রুহুল আমিনের সমাধি কোথায় অবস্থিত?**
উত্তর: রূপসা নদীর তীরে

**প্রশ্ন: সশস্ত্র বাংলাদেশ বিমান বাহিনী ১৯৭১ এ কয়টি সফল অভিযান পরিচালনা করে?**
উত্তর: ৫০

**প্রশ্ন:  ব্যাটল অব বিলোনিয়া কত তারিখ শেষ হয়?**
উত্তর: ১০ নভেম্বর

**প্রশ্ন: "দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা" বইটির লেখক কে?**
উত্তর: মুহাম্মদ নুরুল কাদির

**প্রশ্ন: "মূলধারা ৭১" বইটির লেখক কে?**
উত্তর: মঈদুল হাসান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস "অলাতচক্র" লিখেছেন কে?**
উত্তর: আহমদ ছফা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র "হাঙ্গর নদী গ্রেনেড" এর নির্মাতা কে?**
উত্তর: চাষী নজরুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "নীল দংশন" এর লেখক কে?**
উত্তর: সৈয়দ শামসুল হক

**প্রশ্ন: মুক্তিযোদ্ধা মেজর এটিএম হায়দারের ছোটবোন কে ছিলেন? তিনিও একজন বীর মুক্তিযোদ্ধা।**
উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: মেলাঘরে অবস্থিত প্রশিক্ষণ ক্যাম্পে সকল মুক্তিযোদ্ধাকে কমান্ডো, বিস্ফোরক ও গেরিলা ট্রেনিং এর দায়িত্ব ন্যস্ত ছিলো কার কাছে?**
উত্তর: মেজর এটিএম হায়দার

**প্রশ্ন:  বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ভাস্কর্য "সাবাশ বাংলাদেশ" কোথায় অবস্থিত?**
উত্তর: রাজশাহী বিশ্ববিদ্যালয়

**প্রশ্ন: বীরের প্রত্যাবর্তন ভাষ্কর্যটি ঢাকার কোথায়?**
উত্তর: গুলশান ২

**প্রশ্ন: মেজর খালেদ মোশাররফকে মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কী খেতাবে ভূষিত করা হয়?**
উত্তর: বীর উত্তম

**প্রশ্ন: শিখা চিরন্তন মুক্তিযুদ্ধের একটি স্মরণ স্থাপনা। এটি কোথায় অবস্থিত?**
উত্তর: সোহরাওয়ার্দী উদ্যান

**প্রশ্ন: তিনি ছিলেন ১১ নং সেক্টরের সেক্টর কমান্ডার এবং সম্মুখ যুদ্ধে তিনি এক পা হারান। তিনি কে?**
উত্তর: কর্ণেল তাহের

**প্রশ্ন: জিয়াউর রহমানের মুক্তিযুদ্ধে প্রাপ্ত খেতাব কি?**
উত্তর: বীর উত্তম

**প্রশ্ন: নৌ-সেক্টর পরিচালিত সফলতম গেরিলা অপারেশনের নাম কি?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন: জিয়াউর রহমানের পর এক নম্বর সেক্টরের সেক্টর কমান্ডার কে হয়েছিলেন?**
উত্তর: রফিকুল ইসলাম

**প্রশ্ন: সন্ধ্যা মুখোপাধ্যায় এর গাওয়া গান "আমার পুতুল আজকে প্রথম যাবে শ্বশুরবাড়ি" গানটি কোন অপারেশনের সংকেত হিসেবে ব্যবহৃত হয়েছিলো?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ পরবর্তীকালে তিনি সীমান্ত রক্ষা প্রহরী গঠন করেন এবং নাম দেন বাংলাদেশ রাইফেলস। তিনি কে?**
উত্তর: চিত্তরঞ্জন দত্ত

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস রাইফেল,রোটি,আওরাত কে লিখেছেন?**
উত্তর: আনোয়ার পাশা

**প্রশ্ন: ১৬ ডিসেম্বর (১৯৭১) জেনারেল নিয়াজী তার সৈন্যবাহিনী নিয়ে জনসম্মুখে রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ করেন এবং ঠিক ওই সময় ব্রিগেডিয়ার হায়াত খানের নেতৃত্বে ৪ সহস্রাধিক সৈন্যের বিরুদ্ধে মুক্তিবাহিনী ও ভারতীয় সেনারা একটি বৃহৎ ট্যাঙ্ক যুদ্ধে মুখোমুখি হয় । এ যুদ্ধের কৌশল ভারত, পোল্যান্ডসহ ৩৫টি দেশের সেনাবাহিনীর প্রতিরক্ষা কলেজে পড়ানো হয়, বিশ্বের সেরা কিছু ট্যাংক যুদ্ধের মধ্যে এটি একটি এবং একই সাথে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের শেষ যুদ্ধক্ষেত্র ছিল এটি। কোন যুদ্ধের কথা বলা হচ্ছে ?**
উত্তর: শিরোমণি যুদ্ধ

**প্রশ্ন: ২০১২ সালের ২৭ মার্চ কিউবার কোন নাগরিককে মুক্তিযুদ্ধে সমর্থন ও সাহায্যের জন্য স্বাধীনতা সম্মাননা দিয়েছে বাংলাদেশ সরকার?**
উত্তর: ফিদেল কাস্ত্রো

**প্রশ্ন: ৩০ মার্চের ট্রান্সমিটারের সমস্যা হওয়ার কারণে কালুরঘাট বেতারকেন্দ্র আবার ভারতের কোথা থেকে ৩ এপ্রিল হতে সম্প্রচার করা শুরু করে?**
উত্তর: ত্রিপুরা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র "স্টপ জেনোসাইড" এর নির্মাতা কে?**
উত্তর: জহির রায়হান

**প্রশ্ন: ১৯৭১ সালের ডিসেম্বর মাসের কত তারিখে যশোর মুক্ত হয়?**
উত্তর: ৬

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "জয় বাংলা বাংলার জয়" এর গায়ক কে?**
উত্তর: মোহাম্মদ আবদুল জব্বার

**প্রশ্ন: ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু জাতীয় পরিষদে যাওয়ার জন্য কয়টি শর্ত প্রদান করেন?**
উত্তর: ৪

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক নাটক "স্বাধীনতা আমার স্বাধীনতা" এর রচয়িতা কে?**
উত্তর: মমতাজউদ্দিন আহমেদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় "বাংলাদেশ হাসপাতাল" এর কমান্ডিং অফিসার এর দায়িত্ব পালন এর অবদানের জন্য সিতারা বেগম কে কোন পদকে ভূষিত করা হয়?**
উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন: গরিবপুরের যুদ্ধ  ভারত থেকে সরাসরি কোন শহরে প্রবেশের জন্য অত্যন্ত গুরুতবপূর্ণ ছিল?**
উত্তর: যশোর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মতিনগরে স্থাপিত "বাংলাদেশ হাসপাতাল" এর কমান্ডিং অফিসার কে ছিলেন?**
উত্তর: সিতারা বেগম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় প্রথম সমগ্র বাংলাদেশকে ৪টি সামরিক অঞ্চলে ভাগ করা দ্বিতীয় সামরিক অঞ্চল কোনটি ছিল?**
উত্তর: বৃহত্তর কুমিল্লা, ঢাকা ও নোয়াখালী জেলার পশ্চিমাংশ

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোন যুদ্ধজাহাজে নিযুক্ত ছিলেন**
উত্তর: বিএনএস পলাশ

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কলকাতায় স্থানান্তরিত হয় কবে?**
উত্তর: মে মাসের ২৫ তারিখ

**প্রশ্ন: কোলাবোরেটর্স ট্রাইব্যুনাল অর্ডার কবে জারি করা হয়**
উত্তর: ১৯৭২ সালের ২৪ জানুয়ারি

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "তীর হারা এই ঢেউয়ের সাগর" এর গায়ক কে?**
উত্তর: রথীন রয়

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বিখ্যাত গরীবপুরের যুদ্ধ কত তারিখে সংঘটিত হয়?**
উত্তর: ২১ নভেম্বর

**প্রশ্ন: ৫ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: বাঁশতলা

**প্রশ্ন: "মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "নদীর নাম মধুমতি" এর নির্মাতা কে?"**
উত্তর: তানভীর মোকাম্মেল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "আগামী" এবং "সূচনা" এর নির্মাতা কে?**
উত্তর: মোরশেদুল ইসলাম

**প্রশ্ন: বয়রা, হাকিমপুর, ভোমরা, লালবাজার, বানপুর, বেনাপোল এবং শিকারপুর কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ৮

**প্রশ্ন: কার নেতৃত্বে প্রথম ১৭ জন গেরিলা নিয়ে "ক্র্যাক প্লাটুন" গঠিত হয়?**
উত্তর: এ টি এম হায়দার

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের কোনো সীমানা নির্ধারণ করা হয়নি?**
উত্তর: ১০

**প্রশ্ন: ২৮ সেপ্টেম্বর বাংলাদেশ বিমানবাহিনী গঠিত হয় কোথায়**
উত্তর: ডিমাপুর , নাগাল্যান্ড

**প্রশ্ন: জলালপুর, বরপুঁজি, আমলাসিদ, কুকিতল, কৈলাশ শহর এবং কমলপুর কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ৪

**প্রশ্ন: নিম্নের কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সর্বসম্মতিক্রমে গঠিত 'দলীয় উপদেষ্টা পরিষদ" উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন না?**
উত্তর: এ এইচ এম কামরুজ্জামান

**প্রশ্ন: ৩ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: হেজামারা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "জয়যাত্রা" এর নির্মাতা কে?**
উত্তর: তৌকির আহমেদ

**প্রশ্ন: নিম্নের কে ৭ নং সেক্টর এর কমান্ডার ছিলেন ন?**
উত্তর: উইং কমান্ডার এম খাদেমুল বাশার

**প্রশ্ন: নিম্নের কে একজন ব্রিগেড কমান্ডার ছিলেন না?**
উত্তর: মেজর এম এ জলিল

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত কোন গানটি "ভাঙার গান" হিসেবে পরিচিত ছিল?**
উত্তর: কারার ওই লৌহ কপাট

**প্রশ্ন: ক্র্যাক প্লাটুন ' এর কয়জন সদস্য বীর বিক্রম পদকে ভূষিত হয়?**
উত্তর: ৭

**প্রশ্ন: ৪ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: করিমগঞ্জ

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতীয় আর্মির "চিফ অফ স্টাফ" কে ছিলেন? তিনি মুক্তিযুদ্ধে বাংলাদেশের পক্ষে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।**
উত্তর: স্যাম মানেকশো

**প্রশ্ন: ১৯৭১ সালে সর্ববৃহৎ শরণার্থী শিবির কলকাতার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: সল্ট লেক

**প্রশ্ন: ২০০৭ সালে কোন বীরশ্রেষ্ঠ কে ভারতের ত্রিপুরা থেকে এনে পুনরায় বাংলাদেশে বীরশ্রেষ্ঠ মতিউর রহমান এর পাশে দাফন করা হয়?**
উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: অপারেশন সার্চ লাইটের সার্বিক দায়িত্বে ছিল কে?**
উত্তর:  টিক্কা খান

**প্রশ্ন: ৯ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: টাকি

**প্রশ্ন: ১৯৭১ সালের ২৬ মার্চ পাকবাহিনীর বিরুদ্ধে বিদ্রোহ করা বাঙালি অফিসার শাফায়েত জামিল মুক্তিযুদ্ধে কোন সেক্টরে যুদ্ধ করেন?**
উত্তর: ১১

**প্রশ্ন: সর্বমোট কতজনকে মরণোত্তর "বীর বিক্রম" পদকে ভূষিত করা হয়?**
উত্তর: ১৭৫

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "রক্তাক্ত বাংলা" এর নির্মাতা কে?**
উত্তর: মমতাজ আলী

**প্রশ্ন: মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ধরিনে প্রথম পুলিশের আই জি এর দায়িত্ব দেওয়া হয় কাকে?**
উত্তর: আবদুল খালেক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের অন্যতম প্রতীকে পরিণত হওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলাভবনের সামনের ভাস্কর্য "অপরাজেয় বাংলা" এর ভাস্কর কে ছিলেন?**
উত্তর: সৈয়দ আব্দুল্লাহ খালিদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় একমাত্র কোন সেক্টর কমান্ডার মৃত্যুবরণ করেন?**
উত্তর: মেজর নাজমুল হক

**প্রশ্ন: ৬ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: বুড়ীমারি

**প্রশ্ন: তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ নির্মিত প্রামাণ্য চিত্র "মুক্তির গান" কোন মার্কিন চলচ্চিত্র নির্মাতার ধারন করা ফুটেজ অবলম্বনে তৈরি করা হয়?**
উত্তর: লেয়ার লেভিন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "ধীরে বহে মেঘনা" এর নির্মাতা কে?**
উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: প্রথমে কতজন বিমান সেনা নিয়ে বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" গঠিত হয়?**
উত্তর: ৫৮

**প্রশ্ন: কর্নেল আবু তাহেরের নেতৃত্বে সংঘটিত বিখ্যাত কামালপুর যুদ্ধ কোন জেলায় অবস্থিত ছিল?**
উত্তর: জামালপুর

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোন গানবোট এর ইঞ্জিন রুমে আর্টিফিশার হিসাবে দায়িত্ব পালন করছিলেন?**
উত্তর: পলাশ

**প্রশ্ন: বিমানবাহিনী গঠনের জন্য ভারতীয় বিমানবাহিনী কর্তৃক প্রদত্ত হেলিকপ্টার টি কি মডেলের ছিল?**
উত্তর: অ্যালুয়েট-৩

**প্রশ্ন: ৭ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: তরঙ্গপুর

**প্রশ্ন: ৮ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: বেনাপোল

**প্রশ্ন: নিম্নের কোন সামরিক কর্মকর্তা কর্নেল আবু তাহেরের সাথে পশ্চিম থেকে পূর্ব পাকিস্তানে পালিয়ে আসেন?**
উত্তর: ক্যাপ্টেন পাটোয়ারী

**প্রশ্ন: ভারতেশ্বরী হোমস এবং কুমুদিনী হাসপাতাল সহ অসংখ্য জনহিতকর প্রতিষ্ঠানের নির্মাতা কোন দানবীর ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নিহত হন?**
উত্তর: রণদাপ্রসাদ সাহা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক কাব্য "বন্দী শিবির থেকে" এর রচয়িতা কে?**
উত্তর: শামসুর রহমান

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "জয় বাংলা বাংলার জয়" এর রচয়িতা কে?**
উত্তর: গাজী মাজহারুল আনোয়ার

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "নোঙ্গর তোলো তোলো" এর সুরকার কে?**
উত্তর: সমর দাস

**প্রশ্ন: মেজর খালেদ মোশাররফের পর ২ নং সেক্টর এর সেক্টর কমান্ডার এর দায়িত্ব নেন কে?**
উত্তর: মেজর এ.টি.এম হায়দার

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "অরুণোদয়ের অগ্নিসাক্ষী" এর নির্মাতা কে?**
উত্তর: সুভাষ দত্ত

**প্রশ্ন: মুজিবনগর সরকারের "অর্থ, শিল্প ও বানিজ্য সচিব" পদের দিয়িত্ব হয় কাকে?**
উত্তর: খন্দকার আসাদুজ্জামান

**প্রশ্ন: সুতিপুর এর গোয়ালহাটির যুদ্ধে কোন বীরশ্রেষ্ঠ মৃত্যুবরণ করেন?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: ১৯৭১ সালের ৩ ডিসেম্বর নারায়ণগঞ্জের গদানাইলে আয়লুট হেলিকপ্টার দ্বারা আক্রমের অংশ ছিলেন কোন অফিসার?**
উত্তর: ক্যাপ্টেন সাহাব উদ্দিন

**প্রশ্ন: হিলির যুদ্ধ কোন শহরের দখল নেওয়ার জন্য গুরুত্বপূর্ণ ছিল?**
উত্তর: বগুড়া

**প্রশ্ন: সশস্ত্র বিমান বাহিনী গঠনে গোপনীয়তা রক্ষার্থে এর গুপ্ত নাম হয় কি?**
উত্তর: কিলো ফ্লাইট'

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের গোয়েন্দা সংস্থা "র" এর প্রধান কে ছিলেন?**
উত্তর: আর এন কাও

**প্রশ্ন: অপারেশন জ্যাকপট এ পাকিস্তান বাহিনীর কয়টি জাহাজ ধ্বংস হয়?**
উত্তর: ২৬

**প্রশ্ন: মেজর জিয়াউর রহমানের পর ১১ জুলাই কে সেক্টর ১ এর সেক্টর কমান্ডার নিযুক্ত হন?**
উত্তর: মেজর রফিকুল ইসলাম

**প্রশ্ন: ১১ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কর্নেল আবু তাহের মুক্তিযুদ্ধের পর কোন উপাধিতে ভূষিত হন?**
উত্তর: বীর উত্তম

**প্রশ্ন: "কনসার্ট ফর বাংলাদেশ" এ পণ্ডিত রবিশঙ্করের সাথে কোন বিখ্যাত সরোদবাদক সংগীত পরিবেশন করেন?**
উত্তর: আলী আকবর খাঁ

**প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি এস সি তে অবস্থিত মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য "স্বোপার্জিত স্বাধীনতা" এর ভাস্কর কে ছিলেন?**
উত্তর: শামীম শিকদার

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "জয় বাংলা বাংলার জয়" এর সুরকার কে?**
উত্তর: আনোয়ার পারভেজ

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত কোন গানটি "সংগ্রামের গান" হিসেবে পরিচিত ছিল?**
উত্তর: পূর্ব দিগন্তে সূর্য উঠেছে

**প্রশ্ন: কোন সেক্টরের হেডকোয়ার্টার ছিল বালুরঘাটের নিকটবর্তী তরঙ্গপুরে? উক্ত সেক্টর কমান্ডার ছিলেন মেজর নাজমুল হক এবং পরে সুবেদার মেজর এ. রব ও মেজর কাজী নূরুজ্জামান।**
উত্তর: ৭

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় সেক্টর নং ১০ গঠনের উদ্যোক্তা পাকিস্তান নৌবাহিনীর আট জন বাঙালি নৌ-কর্মকর্তা কোথায় ট্রেনিং এ নিয়োজিত ছিলেন মুক্তিযুদ্ধ শুরুর সময়?**
উত্তর: ফ্রান্স

**প্রশ্ন: "Abdul Bari had run out of luck. Like thousands of other people in East Bengal, he had made the mistake - the fatal mistake - of running within sight of a Pakistani patrol. He was 24 years old, a slight man surrounded by soldiers. He was trembling because he was about to be shot." - লেখাগুলো লিখে প্রথম কে বহির্বিশ্বে বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে ১৯৭১ সালের ১৩ জুন লিখে আলোড়ন তৈরি করেন?**
উত্তর: অ্যান্থনি মাস্কারেনাস

**প্রশ্ন: ২০১৭ সালের কত তারিখে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কো এর স্বীকৃতি পায়?**
উত্তর: ৩০ অক্টোবর

**প্রশ্ন: আশ্রমবাড়ি, বাঘাইবাড়ি, হাতকাটা, সিমলা, পঞ্চবটী, মনতলা, বিজয়নগর, কালাচরা, কলকলিয়ে এবং বামুতিয়া কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ৩

**প্রশ্ন: এপ্রিল মাসের ৪ তারিখে মুক্তিবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা চা বাগানে পরিবৃত আধা-পাহাড়ি এলাকা তেলিয়াপাড়ায় অবস্থিত কোন ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সদরদপ্তরে একত্রিত হন?**
উত্তর: ২

**প্রশ্ন: শাহরিয়ার কবির এর উপন্যাস অবলম্বনে কোন নির্মাতা মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "একাত্তরের যীশু" তৈরি করেন?**
উত্তর: নাসিরউদ্দিন ইউসুফ

**প্রশ্ন: কাকে অস্থায়ী সরকারের ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করা হয়?**
উত্তর: গ্রুপ ক্যাপ্টেন এ.কে খন্দকার

**প্রশ্ন: মুক্তাপুর, ডাউকি, শেলা, ভোলাগঞ্জ, বলত এবং বড়ছড়া কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ৫

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ২ নং সেক্টর এর অধীনে কে "বাংলাদেশ হাসপাতাল" প্রতিষ্ঠা করেন? তিনি পরবর্তীতে বীর প্রতীক পদবীতে ভূষিত হন।**
উত্তর: আখতার আহমেদ

**প্রশ্ন: সুন্দরবন এলাকা কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ৯

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত অনুষ্ঠান "জল্লাদের দরবার" এর লেখক কে ছিলেন?**
উত্তর: কল্যাণ মিত্র

**প্রশ্ন: ১০ নং সেক্টরে আগস্ট মাসের কত তারিখ চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, দাউদকান্দি এবং মংলা বন্দরে নোঙ্গর করা জাহাজ ধ্বংস করা হয়?**
উত্তর: ১৫

**প্রশ্ন: ১৯৭১ সালের এপ্রিলে দেশকে ৪টি সামরিক অঞ্চলে ভাগ করার পর সিলেট অঞ্চলের কমান্ডার হিসাবে কাকে নিয়োগ দেওয়া হয়?**
উত্তর: মেজর কে এম শফিউল্লাহ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচচিত্র "রক্তাক্ত বাংলা" এর নির্মাতা কে?**
উত্তর:  মমতাজ আলী

**প্রশ্ন: নিম্নের কোন বীরশ্রেষ্ঠ বাংলাদেশ রাইফেলস এর সদস্য ছিলেন?**
উত্তর: মুন্সী আব্দুর রউফ

**প্রশ্ন: দৈনিক বেগম, দৈনিক ললনা এবং শিলালিপি তে কাজ করতেন নিম্নের কোন বুদ্ধিজীবী?**
উত্তর: সেলিনা পারভীন

**প্রশ্ন: শহীদ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান কোন পাকিস্তানী পাইলট এর থেকে বিমান হাইজ্যাক করে বাংলাদেশে আসার চেষ্টা করেন?**
উত্তর: রাশেদ মিনহাজ

**প্রশ্ন: মেজর কে এম শফিউল্লাহ এর পর কে ৩ নং সেক্টর এর সেকটর কমান্ডার এর দায়িত্ব নেন?**
উত্তর:মেজর এ.এন.এম নূরুজ্জামান